গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (জুলাই-সেপ্টেম্বর ২০২৫), জামালপুর জেলা -এর কার্যবিবরণী

প্রধান অতিথি : হাছিনা বেগম, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর

সভাপতি : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ১৯-১০-২০২৫ খ্রি.

সময় : দুপুর ০১:০০ – বিকাল ৫:০০ টা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও মূল কার্যক্রমগুলো সংক্ষেপে তুলে ধরেন। সভাপতির অনুরোধক্রমে প্রোগ্রাম ম্যানেজার জনাব জেসিকা গমেজ বিগত সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে উপস্থাপন করেন। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী ত্রৈমাসিকের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | বন্যা স্বেচ্ছাসেবকদের ভেস্টের রঙ | প্রকল্পের আওতায় স্থানীয় বন্যা স্বেচ্ছাসেবকদের প্রদত্ত ভেস্টের জন্য নীল রঙের পরিবর্তে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচিতে স্বেচ্ছাসেবকদের জন্য ব্যবহৃত ভেস্টের সঙ্গে সামঞ্জস্য রেখে লাল রঙ ব্যবহারের বিষয়ে আলোচনা হয়, যাতে দুর্যোগের জন্য দায়িত্বরত স্বেচ্ছাসেবকদের সহজেই শনাক্ত করা যায়। | পরবর্তীতে স্বেচ্ছাসেবকদের ভেস্ট বা অন্যান্য সরঞ্জাম সরবরাহ করা হলে সরকারের অন্যান্য প্রকল্পের সাথে সামঞ্জস্য রেখে রঙ নির্বাচনের বিষয়টি বিবেচনা করা হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৩। | নদী ভাঙন রোধ | জামালপুর জেলায় নদীর নাব্যতা সংকটের ফলে প্রতি বছর তীব্র নদীভাঙন দেখা দিচ্ছে। এ পরিস্থিতিতে নদীভাঙন রোধে দীর্ঘমেয়াদি ও টেকসই সমাধান গ্রহণের সম্ভাবনা নিয়ে আলোচনা হয়। জেলা প্রশাসক সভায় অবহিত করেন, প্রতি বছর নদীভাঙনের ফলে স্থানীয় জনগণ | নদীভাঙন প্রতিরোধে প্রয়োজনীয় দীর্ঘমেয়াদি অবকাঠামোগত উন্নয়নে উত্থাপিত প্রস্তাবসমূহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে (এলজিইডি) অবহিত করা হবে, যাতে এ বিষয়ে সংস্থা | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও LGED |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়, যা তাদের জীবিকা, নিরাপত্তা ও সামগ্রিক সামাজিক-অর্থনৈতিক স্থিতিশীলতাকে দীর্ঘমেয়াদে ঝুঁকির মধ্যে ফেলছে। তিনি উল্লেখ করেন, যেহেতু প্রভাতী প্রকল্প অবকাঠামোগত দক্ষতা উন্নয়নের মাধ্যমে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সহনশীলতা বৃদ্ধির জন্য কাজ করছে, সেহেতু প্রকল্পটির আওতায় নদীভাঙন রোধে দীর্ঘমেয়াদী প্রতিরোধমূলক ব্যবস্থা যেমন- স্থায়ী বাঁধ নির্মাণ, নদী খনন বা নদীর নাব্যতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা পরীক্ষা করা যেতে পারে। | দুটি পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে। | |
| ০৪। | বিবিধ | জেলা প্রশাসক বলেন, বন্যার পাশাপাশি জামালপুর জেলায় জলাবদ্ধতা সম্প্রতি একটি বড় সমস্যা হিসেবে দেখা দিয়েছে, যা স্থানীয় জনগণকে ভোগান্তির মুখে ফেলছে। বিশেষত বিভিন্ন উপজেলায় জলাবদ্ধতার কারণে কৃষি উৎপাদন ব্যাহত হচ্ছে এবং জনস্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব পড়ছে। নানামুখী দুর্যোগ মোকাবিলায় প্রযুক্তিনির্ভর উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ অপরিহার্য বলে তিনি মতপ্রকাশ করেন। বাস্তব চাহিদা ও প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বিভিন্ন কার্যকর প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। দুর্যোগের পূর্বাভাস তৈরি ও আগাম সতর্কবার্তা প্রচারের ক্ষেত্রে প্রভাতী প্রকল্প ইতোমধ্যে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে, যা ভবিষ্যতে আরও ফলপ্রসূ হবে বলে তিনি আশা প্রকাশ করেন।<br><br>সমাপনী বক্তব্যে প্রকল্প সমন্বয়ক বলেন, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের মূল্যবান মতামত ও পরামর্শ প্রকল্পটির আরও কার্যকর ও টেকসই বাস্তবায়নে সহায়ক হবে। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২০২৫

**(নিতাই চন্দ্র দে সরকার)**
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৯৪৭

তারিখ: ২৮-১০-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জামালপুর।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জামালপুর।

৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, জামালপুর।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর।
৯। উপজেলা নির্বাহী অফিসার (দেওয়ানগঞ্জ/বকশিগঞ্জ/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ), জামালপুর।
১০। উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, ঢাকা।
১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (দেওয়ানগঞ্জ/বকশিগঞ্জ/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ), জামালপুর।
১২। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
১৩ টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২০। ফিল্ড ফ্যাসিলিটেটর, জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২১। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২৩। অফিস কপি/গার্ড ফাইল।

Wadud ২৮।১০।২৫

**(মোঃ ওয়াদুদুর রহমান)**
উপ-প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর